



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

ওয়েবসাইট: www.jgtdsl.gov.bd

স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার গ্রাহকদের
দক্ষ, শাস্ত্রীয় ও টেকসই সমাধান।

প্রাকৃতিক গ্যাস অফুরন্ত নয় গ্যাস
ব্যবহারে শাস্ত্রীয় হোন

“প্রিপেইড গ্যাস মিটার রিচার্জ পদ্ধতি ও এর ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী”

- জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি: (জেজিটিডিএসএল) কর্তৃক আবাসিক শ্রেণির সম্মানিত গ্রাহক আশিনায় স্থাপিত প্রি-পেইড গ্যাস মিটারসমূহ স্মার্ট টাইপ (জিপিআরএস + এনএফসি প্রযুক্তি সম্পন্ন) উন্নত ও ডিজিটাল গ্যাস পরিমাপের মিটার। অনুমোদিত ব্যাংকের নির্দিষ্ট শাখায় পস (পয়েন্ট অব সেলস) ডিভাইসের সাহায্যে প্রিপেইড কার্ড (এনএফসি কার্ড) রিচার্জ করে মিটার একটিভেট/চালু করা যায়। এছাড়াও আপনার স্মার্ট ফোনে গুগল প্লে-স্টোর কিংবা আইস্টোর হতে “জেজিটিডিএসএল ইউনিভার্সাল” অথবা “জেজিটিডিএসএল প্রিপেইড” অ্যাপস ডাউনলোড করে এমএফএস প্ল্যাটফর্ম “উপায়”, “রকেট”, “নগদ” পেমেণ্ট গেটওয়ে কিংবা যে কোন ভিসা/মাষ্টার কার্ড ব্যবহার করে অনলাইনে ঘরে বসে দিন-রাত যে কোনো সময়ে সহজেই এ মিটারটি রিচার্জ করা যায় এবং এ অ্যাপস ব্যবহার করে গ্যাস ব্যবহার (দৈনিক, মাসিক ও বাৎসরিক “ঘনমিটার”এ), ব্যালেন্স পরিমাণ, পেমেণ্ট রেকর্ড, গ্যাস সরবরাহ চালু/বন্ধ অবস্থা (ভাল নির্দেশক চিহ্ন দ্বারা), ব্যাটারি কন্ডিশন ইত্যাদি আপডেট তথ্য জানা যায়।

- অনুমোদিত ব্যাংক ও এর শাখাসমূহ নিম্নরূপ:

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি	এনআরবিসি ব্যাংক পিএলসি	ওয়ান ব্যাংক পিএলসি	ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি	মধুমতি ব্যাংক পিএলসি	জনতা ব্যাংক পিএলসি	এনআরবি ব্যাংক পিএলসি	বাংলাদেশ কমার্স ব্যাংক পিএলসি	এসবিএসি ব্যাংক পিএলসি	আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি
শাহজালাল উপশহর শাখা রোজ ভিউ হোটেলে, উপশহর, সিলেট।	সিলেট উপশহর শাখা মিতা ম্যানশন, মেন্দিবাগ পয়েন্ট, সিলেট।	ইসলামপুর শাখা ইসলামপুর, মেজরটিলা, সিলেট।	আবদুরহান শাখা ইস্টার্ট গার্লস, আবদুরহান, সিলেট।	আবদুরহান শাখা আমিন কমপ্লেক্স, আবদুরহান, সিলেট।	কুমারপাঁও শাখা হুকের বাজার, সিলেট।	মেডিকেল রোড শাখা ইসকন মার্কেট, কাজলশাহ, সিলেট।	সিলেট শাখা গ্যালারিয়া শপিকমপ্লেক্স, পশ্চিম জিদ্দাবাজার, সিলেট।	ইসলামপুর শাখা সিদ্দিক ম্যানশন, ইসলামপুর বাজার, সিলেট।	দক্ষিণ সুরমা শাখা ফয়জুর রহমান ভবন, চণ্ডিপুল, দক্ষিণ সুরমা, সিলেট।
শিবগঞ্জ শাখা সিলমার্ক টাওয়ার, শিবগঞ্জ, সিলেট।	সিলেট শাখা নিলয় এং, পূর্ব দক্ষিণা পোষ্ট, সিলেট।	সিলেট শাখা কিরোজ সেন্টার, চৌহাটা পয়েন্ট, সিলেট।	তালতলা শাখা জিআইপি রোড, তালতলা, সিলেট।						
সুবিদ্যাবাজার শাখা সিলভার স্টার টাওয়ার, সুবিদ্যাবাজার, সিলেট।	পাঠানটুলা উপ-শাখা আকবর শপিং কমপ্লেক্স, সিলেট-সুদামাঙ্গ হাইওয়ে, সিলেট।		পোটাটিকর উপ-শাখা পোটাটিকর, সিলেট।						
লামাবাজার শাখা আলী কমপ্লেক্স, লামাবাজার, সিলেট।									

- স্মার্ট প্রযুক্তির এ মিটারটির ওয়ারেন্টি পিরিয়ড ০৩ বছর। ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে কারিগরী কারণে মিটারে কোন ত্রুটি দেখা দিলে তা জেজিটিডিএসএল কর্তৃক প্রতিস্থাপন করা হবে। বিনা কারণে মিটারে হাত দিবেন না এবং অপ্রয়োজনে টাচ বাটনটি চাপাচাপি করবেন না; এতে ব্যাটারির আয়ুষ্কাল দ্রুত নিঃশেষ হয়ে যাবে। মূল্যবান এ মিটারটি ব্যবহারে যত্নশীল হোন।

- সম্মানিত গ্রাহকের আশিনায় স্থাপিত প্রিপেইড গ্যাস মিটারের যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও এর নিরাপত্তা/সুরক্ষা প্রদান গ্রাহকের দায়িত্ব। মিটারের কোন প্রকারের ক্ষতি সাধন, অবৈধ হস্তক্ষেপ, মিটার বন্ধ/খুলে রাখা, অনুমোদনের অতিরিক্ত চুলা ব্যবহার ইত্যাদি শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে গ্যাস আইন ২০১০ ও গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ অনুযায়ী জেজিটিডিএসএল কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিনামূল্যে সরবরাহকৃত আপনারদের এনএফসি কার্ডটি সযত্নে সংরক্ষণ করুন। এটি হারিয়ে গেলে নিকটস্থ থানায় জিডি করে এনআইডিসহ সংশ্লিষ্ট আধিকার্য আবেদনকরতে নির্ধারিত ফি/মূল্য পরিশোধপূর্বক সংগ্রহ করতে হবে।

প্রিপেইড গ্যাস মিটার ডিসপ্লে ও সংকেত পরিচিতি

মিটার ডিসপ্লে: এটি এলসিডি ডিসপ্লে। টাচ বাটন হালকাভাবে একবার চাপ দিলে প্রথমে মিটার ভার্সন নম্বর, এরপরে ব্যবহারযোগ্য ব্যালেন্স (ঘনমিটার), ব্যবহৃত মোট গ্যাসের পরিমাণ (ঘনমিটার), সর্বশেষ রিচার্জকৃত গ্যাসের পরিমাণ (ঘনমিটার), মিটার নম্বর, তারিখ এবং সময় জানা যাবে।

এনএফসি পয়েন্ট: আপনার এনএফসি কার্ডটি ব্যাংকের পস হতে রিচার্জ করে মিটার একটিভ করার জন্য এখানে ধরুন; একবার হালকাভাবে টাচ বাটনে চাপ দিলে ‘C’ লেখা আসবে এবং ‘HELLO’. লেখা না আসা পর্যন্ত ধরে রাখুন।

মিটার ডিসপ্লে প্যানেলে এ চিহ্নটি ভাঙ খোলা অর্থাৎ মিটার চালু আছে বুঝাবে।



টাচ বাটন:

- আপুনের ছাপযুক্ত বাটন। মিটারের ডিসপ্লেতে প্রয়োজনীয় তথ্য দেখার জন্য এ বাটনটি হালকাভাবে একবার চাপ দিলে এবং পরবর্তীতে তথ্য দেখতে পাবেন;
- অনুরূপী ব্যালেন্স একটিভ করার জন্য টাচ বাটনটি হালকাভাবে একবার চাপ দিন। এতে ডিসপ্লেতে “Open” লেখা চলে আসবে, ভাঙ ওপেন নির্দেশক চিহ্ন দেখা যাবে এবং গ্যাস সরবরাহ চালু হয়ে যাবে।

মিটার ডিসপ্লে প্যানেলে এ চিহ্নটি ভাঙ খোলা অর্থাৎ মিটার বন্ধ আছে বুঝাবে।

ডিসপ্লে সংকেত	পরিচিতি	ডিসপ্লে সংকেত	পরিচিতি
000000	মিটারের ভার্সন	12:36:29	সময়
56.18	বর্তমান ব্যালেন্স (m³)		কার্ডটি মিটারের সাথে কমিউনিকেশন শুরু হয়েছে
13456.72	ক্রয়কৃত গ্যাস ব্যবহার (m³)	HELLO	মিটারের কমিউনিকেশন সম্পন্ন হয়েছে
56.12	সর্বশেষ রিচার্জকৃত গ্যাসের পরিমাণ (m³)	OPEN	মিটারের ভাঙ খোলা/গ্যাস চালু আছে
1234567	মিটারের সিরিয়াল নম্বর	CLOSE	মিটারের ভাঙ বন্ধ/গ্যাস বন্ধ আছে
23-03-13	তারিখ	-----	অনলাইন কমিউনিকেশন শুরু হয়েছে

POS এর সাহায্যে স্মার্ট কার্ড ও মিটার রিচার্জ করার পদ্ধতি

১ম ধাপ
আপনার স্মার্ট কার্ডটি নিয়ে নিকটস্থ একটি “POS” সেন্টারে চলে আসুন।

২য় ধাপ
আপনার স্মার্ট কার্ড এবং রিচার্জ এর সমপরিমাণ টাকা “POS” সেন্টারের প্রতিনিধির নিকট প্রদান করুন।

৩য় ধাপ
“POS” সেন্টারের প্রতিনিধি আপনাকে টাকার রশিদসহ স্মার্ট কার্ডটি রিচার্জ শেষে ফেরত দেবেন।

৪র্থ ধাপ
স্মার্ট কার্ডটি মিটারের গায়ে চিহ্নের উপর ধরুন।

৫ম ধাপ
এরপর মিটারের টাচ বাটনটি একবার চাপুন।

৬ষ্ঠ ধাপ
ডিসপ্লেতে প্রথমে [C] লিখা আসবে, এবং [HELLO] লিখা না আসা পর্যন্ত কার্ডটি ধরে রাখুন।

৭ম ধাপ
সফলভাবে রিচার্জ সম্পন্ন হলে, ক্রয়কৃত গ্যাসের পরিমাণ ডিসপ্লেতে প্রদর্শিত হবে।

মোবাইল অ্যাপের মাধ্যমে মিটার রিচার্জ করার পদ্ধতি




১ম ধাপ: আপনার স্মার্ট ফোনে গুগল প্লে-স্টোর হতে প্রিপেইড অ্যাপস ডাউনলোড করে প্রয়োজনীয় তথ্য পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন এবং আপনার মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।

২য় ধাপ: Add Meter অপশনে Meter Number এবং Prepaid Code পূরণ করে অ্যাপ এ আপনার মিটারটি সংযুক্ত করুন।

৩য় ধাপ: অ্যাপসের Pay অপশনে ক্লিক করে টাকার পরিমাণ লিখে কনফার্ম বাটন চাপুন। অতঃপর আপনার পছন্দের পেমেণ্ট অপশন (নগদ, উপায়, রকেট, বিকাশ, ভিসা কার্ড) সিলেক্ট করে পেমেণ্ট সম্পন্ন করুন।


৪র্থ ধাপ: পেমেণ্ট সম্পন্ন হলে একটি নির্দিষ্ট সময়ে (প্রতিদিন রাত ১২:০০ ঘটিকায়) স্বয়ংক্রিয়ভাবে ক্রয়কৃত গ্যাসের পরিমাণ মিটারে যোগ/আপডেট হবে; তাৎক্ষণিকভাবে ক্রয়কৃত গ্যাসের পরিমাণ মিটারে যোগ করতে চাইলে মিটারের টাচ বাটনটি ৩/৪ সেকেন্ড এর জন্য চেপে ধরুন। মিটার সার্ভারের সাথে যোগাযোগ করে ক্রয়কৃত গ্যাসের পরিমাণ মিটারে যোগ করবে।

মনে রাখবেন, ১ম বার অ্যাপস ইনস্টল করে মিটার এ্যাক্ট করার পরে পরবর্তী রিচার্জের সময়ে কেবলমাত্র Pay অপশনে ক্লিক করে (৩য় ধাপ) মিটার রিচার্জ করবেন।



➤ ইমার্জেন্সি ব্যালেন্স গ্রহণের পদ্ধতি:

মিটারে গ্যাসের ব্যবহৃত ব্যালেন্স শূণ্য হয়ে বন্ধ হলে জরুরী ব্যালেন্স (০৮ ঘনমিটার) একটিভেট করার জন্য মিটারের টাচ বাটনটিতে (“আজুলের ছাপ” চিহ্নিত) একবার হালকাভাবে চাপ দিন। ডিসপ্লেতে “OPEN” লেখা আসবে এবং গ্যাস সরবরাহ চালু হয়ে যাবে। পরবর্তী রিচার্জ না করা পর্যন্ত এ জরুরী ব্যালেন্স ব্যবহারের ভিত্তিতে সমপরিমাণ নেগেটিভ ব্যালেন্স [সর্বোচ্চ (-) ৮ ঘনমিটার] হিসেবে আপনার অ্যাপস ডিসপ্লেতে প্রদর্শিত হবে; যা পরবর্তী রিচার্জের সময়ে সমন্বয় করে পজিটিভ বর্তমান ব্যালেন্স প্রদর্শিত হবে।



➤ প্রিপেইড মিটারের টাচবাটনটি একবার হালকা করে চাপ দিলে প্রথমে মিটারের ভার্সন নম্বর, এরপরে ব্যবহারযোগ্য ব্যালেন্স (ঘনমিটার), এ যাবত ব্যবহৃত মোট গ্যাসের পরিমাণ (ঘনমিটার), সর্বশেষ রিচার্জকৃত গ্যাসের পরিমাণ (ঘনমিটার), মিটার নম্বর, তারিখ সময় পর্যায়ক্রমে জানা যায়। প্রিপেইড মিটার অ্যাপসে সম্মানিত গ্রাহকগণ লগ-ইন করে ডিসপ্লের বাম পার্শ্বে মিটারের বর্তমান ব্যালেন্স (**কমলা রং**) দেখতে পাবেন। একই স্ক্রীনের বাম পার্শ্বে উপরে ডান নির্দেশক চিহ্ন দ্বারা মিটারের গ্যাস সরবরাহ চালু কিংবা বন্ধ অবস্থাও জানা যায়। অ্যাপসের “Pay” বাটনে দিয়ে এমএফএস প্লাটফর্ম কিংবা ভিসা/মাস্টার কার্ড দিয়ে ঘরে বসে যে কোন সময়ে সর্বোচ্চ ২০০০ টাকার গ্যাস রিচার্জ করা যায়।

➤ গ্রাহক যতটুকু গ্যাস ব্যবহার করবে; রিচার্জকৃত গ্যাস ভলিউম (ঘনমিটার) হতে ততটুকুই গ্যাসের পরিমাণ কাটা যাবে; রিচার্জকৃত অবশিষ্ট গ্যাস ভলিউম (ঘনমিটার) ব্যালেন্স হিসেবে মিটারে জমা থাকবে; যা অ্যাপস স্ক্রীনে/ডিসপ্লেতে দেখা যাবে। প্রতিমাসে প্রথম রিচার্জের সময়ে নির্ধারিত মিটার ভাড়া আদায় করা হবে; ঐ মাসে পরবর্তী একাধিকবার রিচার্জের প্রয়োজন হলে কোন মিটার রেন্ট কাটা হয়না। মনে রাখবেন, কোন মাসে রিচার্জ করা না হলে পরবর্তী মাসের ১ম রিচার্জের সময়ে পূর্ববর্তী মাসের মিটার রেন্টসহ চলতি মাসের সাথে একত্রে আদায় করা হবে। প্রতি রিচার্জের সময়ে ব্যাংকের ক্ষেত্রে পরিশোধ স্লিপ সংগ্রহ করবেন এবং মোবাইল অ্যাপসের ক্ষেত্রে স্লিপ ডাউনলোড করা কিংবা পেমেন্ট রেকর্ড হতেও তথ্য পাবেন।

➤ চুলা জ্বালানোর কমপক্ষে ১৫/২০ মিনিট পূর্বে রান্না ঘরের দরজা জানালা খুলে দিয়ে বায়ু চলাচল নিশ্চিত করুন। আপনাদের অভ্যন্তরীণ গ্যাস পাইপলাইন (জিআই লাইন) ও ফিটিংসসমূহের সংযোগস্থল এবং চুলার নব/ বাটন/হসপাইপ/পিতলের চাবি ইত্যাদিতে লিকেজ আছে কি না তা নিয়মিত পরীক্ষা করুন। বাসা বাড়িতে লিকেজ পরিলক্ষিত হলে রাইজারের চাবি বন্ধ করে দ্রুত অনুমোদিত ও দক্ষ মিস্ত্রি দিয়ে লিকেজ মেরামতের ব্যবস্থা করুন। অন্যথায় যে কোন দুর্ঘটনার আশংকায় নিরাপত্তার স্বার্থে আপনাদের ঝুঁকিপূর্ণ সংযোগটি, প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা ১৯৯১ (সংশোধিত ২০০৩) ও প্রযোজ্য বিধি অনুযায়ী চালু রাখা সম্ভবপর হবে না।

➤ মূল্যবান প্রাকৃতিক গ্যাসের সাশ্রয়ী, দক্ষ ও টেকসই ব্যবহারের জন্য উন্নতমানের জ্বালানি সাশ্রয়ী গ্যাস সরঞ্জাম (বার্ণার) ব্যবহার করুন। প্রয়োজনে অভ্যন্তরীণ জরাজীর্ণ পাইপলাইন ও ফিটিংস পরিবর্তন করণ। মনে রাখবেন, আপনাদের সচেতনতাই পারে যে কোন ধরনের দুর্ঘটনা/বিস্ফোরণের হাত থেকে আপনাদের বাঁচাতে। অবৈধ/অনুমোদনহীন গ্যাস সরঞ্জামাদি/সংযোগ ব্যবহার হতে বিরত থাকুন। জেজিটিডিএসএল’র **ডিজিটাল টাম** কর্তৃক গ্রাহক আঞ্জিনা পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। অনুমোদনের অতিরিক্ত গ্যাস সরঞ্জামাদি কিংবা অবৈধ গ্যাস ব্যবহার পাওয়া গেলে গ্যাস আইন ২০১০ ও গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ অনুযায়ী জরিমানা ও দন্ড আরোপযোগ্য হবে।

➤ সম্মানিত গ্রাহকগণ প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত যে কোন তথ্য জানতে জেজিটিডিএসএল’র ওয়েবসাইট : www.igtdsl.gov.bd ভিজিট করুন। এছাড়াও প্রিপেইড মিটার সংক্রান্ত যে কোন কারিগরী প্রয়োজনে সম্মানিত গ্রাহকগণ **টেকনিক্যাল সার্পোর্ট সেন্টারের নম্বর: ০১৩১৪৭১৬২৮৯, ০১৩১৪৭১৬৩৭৪** এবং গ্যাসের সেবা সংক্রান্ত যে কোন প্রয়োজনে জেজিটিডিএসএল হটলাইন “১৬৫১১” অথবা নিকটস্থ আঞ্চলিক বিতরণ কার্যালয়ে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যেতে পারে। টেকনিক্যাল সার্পোর্ট সেন্টারের কোন নম্বর ব্যস্ত পেলে দয়া করে ধৈর্য সহকারে অপেক্ষা করুন; মোবাইল ফোনের অপর প্রান্তে বিদ্যমান সম্মানিত গ্রাহকের সেবা প্রদান শেষ হলে পরবর্তীতে আপনার গুরুত্বপূর্ণ ফোনটি গ্রহণ করে সেবা প্রদান করা হবে। এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ব্যবস্থাপক (আবিকা সিলেট-পূর্ব) কুমারপাড়া, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৭৯	ব্যবস্থাপক (আবিকা সিলেট-পশ্চিম) কুমারগাঁও, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৮০	আবিকা প্রধান (আবিকা সিলেট-উত্তর) মজুমদারী, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৭৪	আবিকা প্রধান (আবিকা সিলেট-দক্ষিণ) দক্ষিণ সুরমা, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৮১
- জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ			